সংবাদ

তারিখ 08 OCT 2017
পৃষ্ঠা ১৬ কলাম ১

# এমপিওভুক্তির জন্য ফের ১৫৪৭ শিক্ষকের তথ্য চেয়েছে মন্ত্রণালয়

■ দুর্ভোগ বাড়ানো হচ্ছে অভিযোগ শিক্ষকদের

নিজস্ব বার্তা পরিবেশক

সারাদেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এক হাজার ৫৪৭ জন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) শিক্ষককে এমপিওভুক্তির ব্যাপারে ফের তথ্য চেয়েছে শিক্ষা মন্ত্রণালয়। এর আগেও আইসিটি অর্থাৎ কম্পিউটার শিক্ষার শিক্ষকদের বিষয়ে দু'দফায় শিক্ষা মন্ত্রণালয়ে তথ্য দেয়া হয়েছিল মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর (মাউশি) থেকে। এমপিও বঞ্চিত শিক্ষকদের অভিযোগ, এভাবে বারবার সময় চেয়ে শিক্ষকদের দুর্ভোগ বাড়ানো হচ্ছে। সর্বশেষ গত ৩ অক্টোবর অর্থ মন্ত্রণালয়ের তথ্য : পৃষ্ঠা : ২ ক : ৩

## তথ্য : চেয়েছে

(১৬ পৃষ্ঠার পর)

এক চিঠির বরাত দিয়ে মাউশি মহাপরিচালককে এ সংক্রান্ত এক চিঠি দেয় শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ।

মন্ত্রণালয়ের উপসচিব নুসরাত জাবীন বানু স্বাক্ষরিত ওই চিঠিতে এক হাজার ৫৪৭ জন আইসিটি শিক্ষককে এমপিভুক্ত করতে বার্ষিক কত টাকা খরচ হবে, কে কোন প্রতিষ্ঠানে কতদিন কর্মরত আছেন সে সম্পর্কে বিস্তারিত তথ্য চাওয়া হয়েছে।"

এ ব্যাপারে জানতে চাইলে মাউশি অধিদফতরের একজন উর্ধ্বতন কর্মকর্তা সংবাদকে বলেন, 'এর আগে আইসিটি শিক্ষকদের ব্যাপারে কমপক্ষে দু'বার যাবতীয় তথ্য-উপাত্ত শিক্ষা মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। এখন ফের এসব শিক্ষকের ব্যাপারে তথ্য চাওয়ার ফলে তাদের এমপিওভুক্ত আবার ঝুলে গেল। এই তালিকা যাচাই-বাছাইয়ের নামে নতুন করে অনৈতিক লেনদেনও শুরু হবে। ভোগান্তি বাড়বে শিক্ষকদের।'